125

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ......

দৈনিক ইনকিলাব

তারিখ ...1 1 AUG 1997 ... ...
পৃষ্ঠা ...১... কলাম ...৬......



*গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল গেটের দেয়াল থেকে কর্তৃপক্ষের উদ্যোগে মরহুম প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমান ও শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ছবি দু'টি মুছে দেয়া হয়। ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা চুক্তি অনুযায়ী ক্যাম্পাসে মুজিব-জিয়ার ছবির বিরল সহাবস্থানের দৃশ্য মুছে ফেলা হয় —ইনকিলাব*

### বিতাড়িত নেতা-কর্মীদের কাল হলে উঠানো হবে

# সূর্যসেন হল গেট থেকে মুছে দেয়া হয়েছে মুজিব ও জিয়ার ছবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ মুছে গেছে মুজিব, মুছে গেছে জিয়াও। রং তুলিতে আঁকা এই দুই জাতীয় নেতার ছবি ঢেকে গেছে কালো রঙ্গে। শিল্পীর সুনিপুণ তুলির ছোঁয়ায় অংকিত হয়েছিল যে দুটি ছবি দুই মহান নেতার তা মুছে গেছে কালো রংয়ের নীচে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূর্যসেন হল গেটের দেয়াল থেকে গতকাল মরহুম প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমান ও শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের বিরাট আকারের দুটি ছবি মুছে দিয়েছে। ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের যৌথসভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী গতকাল সকালে ছবি দুটি মুছে দেয়া হয়। সূর্যসেন হলের পর মুহসীন হলে শেখ মুজিবুর রহমানের ছবি মুছে দেয়া হয়। গত বছর মুজিববাদী ছাত্রলীগ হলটি দখলের পর এ ছবিটি আঁকা হয়।

দু'সপ্তাহ আগে ছাত্রলীগ সূর্যসেন হল দখল করার পর সূর্যসেন হল গেট থেকে জিয়াউর রহমানের ছবি মুছে দিয়ে শেখ মুজিবুর রহমানের ছবি আঁকা হয়। পরে ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা অনুযায়ী মুজিবের

১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

**সূর্যসেন হল** প্রথম পৃষ্ঠার পর

পাশে জিয়াউর রহমানের ছবি এঁকে দেয়া হয়। চুক্তি অনুযায়ী গতকাল আবার ছবি দুটি মুছে দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের হলে হলে সকল ছাত্র সংগঠনের

নেতা-কর্মীদের শান্তিপূর্ণ সহাবস্থান প্রক্রিয়ার শুরুতে এ ছবিগুলো মুছে দেয়া হবে। হলগুলোতে সহাবস্থানের জন্য বিতারিত ছাত্রদেরকে আগামীকাল মঙ্গলবার নিজ নিজ হলে তুলে দেয়া হবে। ছাত্র দল ও ছাত্র লীগ বিভিন্ন হল থেকে বিতাড়িত তাদের নেতা-কর্মীদের তালিকা আজ কর্তৃপক্ষের কাছে জমা দেবে। কর্তৃপক্ষ তালিকা পরীক্ষা করে এই ছাত্রদের সীটগুলো খালি করবেন। আগামীকাল সকাল সাড়ে ৯টা থেকে বিতাড়িত নেতা-কর্মীদের হলে উঠিয়ে দেয়ার এ প্রক্রিয়া শুরু হবে। প্রথমে জসীমুদ্দীন, জিয়া ও মুজিব হল খালি করে বেলা সাড়ে ১১টার মধ্যে পরিচয়পত্র দেখে ছাত্রদের হলে ঢুকানো হবে। বেলা '১১টা থেকে ১২টা পর্যন্ত মুহসীন ও এফ রহমান হল, ১২টা থেকে দেড়টার মধ্যে শহীদুল্লাহ ও ফজলুল হক হল এবং বিকেল ৩টা থেকে ৪টার মধ্যে সলিমুল্লাহ ও জহিরুল হক হলে এ প্রক্রিয়া চালানো হবে। সূর্যসেন ও জগন্নাথ হল আপাততঃ এ প্রক্রিয়ার বাইরে থাকবে। এ প্রক্রিয়ার কারণে আগামীকাল ক্লাসসমূহ অনুষ্ঠিত হবে না।